# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৯২৩

২৪/ দাস মুক্তি (كتاب العتق)

পরিচ্ছেদঃ ১৩.গোলাম আযাদের ছওয়াব সম্পর্কে।

باب فِي ثَوَابِ الْعِتْقِ

আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ مُحَمَّدٍ الرَّمْلِيُّ، حَدَّثَنَا ضَمْرَةُ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ أَبِي عَبْلَةَ، عَنِ الْغَرِيفِ بْنِ الدَّيْلَمِيِّ، قَالَ أَتَيْنَا وَاثِلَةَ بْنَ الأَسْقَعِ فَقُلْنَا لَهُ حَدِّثْنَا حَدِيثًا، لَيْسَ فِيهِ زِيَادَةٌ وَلاَ نُقْصَانٌ فَغَضِبَ وَقَالَ إِنَّ أَحَدَكُمْ لَيَقْرَأُ وَمُصْحَفُهُ مُعَلَّقٌ فِي بَيْتِهِ فَيَزِيدُ وَيَنْقُصُ . قُلْنَا إِنَّمَا أَرَدْنَا حَدِيثًا سَمِعْتَهُ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ أَتَيْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فِي صَاحِبٍ لَنَا أَوْجَبَ ـ يَعْنِي ـ النَّارَ بِالْقَتْلِ فَقَالَ " أَعْتِقُوا عَنْهُ يُعْتِقِ اللَّهُ بِكُلِّ عُضْوٍ مِنْهُ عُضْوًا مِنْهُ مِنَ النَّارِ " .

বাংলা

৩৯২৩. ঈসা ইবন মুহাম্মাদ (রহঃ) .... আরীফ ইবন দায়লামী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা অসিলা ইবন আসকা (রাঃ) এর নিকট উপস্থিত হয়ে বলি, আপনি আমাদের কম-বেশি না করে একটি হাদীছ বর্ণনা করুন। এতে তিনি রাগান্বিত হয়ে বলেন, তোমাদের কেউ কুরআন পাঠ করে এবং কোরআন তার ঘরে শোভা পায়, তবুও এর মধ্যে কম-বেশি হয়ে যায়। আমরা বলিঃ আমরা আপনার কাছে এমন একটি হাদীছ শুনতে চাই, যা আপনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শ্রবণ করেছেন। তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এমন এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য হাযির হই যে হত্যার কারণে নিজের উপর দোযখ অবধারিত করে নিয়েছে। তখন তিনি বলেনঃ তার তরফ থেকে একটি গোলাম আযাদ করে দাও, যার প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গের বিনিময়ে আল্লাহ ঐ ব্যক্তির সমস্ত অঙ্গপ্রত্যঙ্গকে দোযখের আগুন থেকে মুক্ত করে দেবেন।

## English

Narrated Wathilah ibn al-Asqa:

Al-Arif ibn ad-Daylami said: We went to Wathilah ibn al-Asqa and said to him:

Tell us a tradition which has not addition or omission. He became angry and replied: One of you recites when his copy of a Qur'an is hung up in his house, and he makes additions and omissions. We said: All we mean is a tradition you have heard from the Messenger of Allah (ﷺ). He said: We went to the Prophet (ﷺ) about a friend of ours who deserved. Hell for murder. He said: Emancipate a slave on his behalf; Allah will set free from Hell a member of the body for every member of his.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36029

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন